



ঐশী জ্যোতিই আমাদের পথ প্রদর্শক

জনসংযোগ দপ্তর

## রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

রাজশাহী ৬২০৪, বাংলাদেশ।

তারিখঃ ১৬ ডিসেম্বর, ২০২০ খ্রিঃ

### সংবাদ বিজ্ঞপ্তি

আজ ১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস ২০২০। দিবসটি উপলক্ষে রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় দিনব্যাপী নানা কর্মসূচির মধ্য দিয়ে পালন করে। সূর্যোদয়ের সাথে সাথে অত্র বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবন ও হলসমূহে জাতীয় পতাকা উত্তোলনের মধ্য দিয়ে দিনের কর্মসূচির শুরু হয়। এরপর সকাল ০৯:০০ ঘটিকায় রুয়েট কেন্দ্রীয় শহীদ মিনারে অত্র বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মোঃ রফিকুল ইসলাম সেখ শহীদদের সম্মানে পুষ্পস্তবক অর্পণ করেন। এর পরপরই ক্যাম্পাসে অবস্থিত শহীদ ছাত্রদের কবর জিয়ারত করা হয়। সকাল ০৯:৩০ ঘটিকায় রুয়েটের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মোঃ রফিকুল ইসলাম সেখ কোভিড -১৯ এর দ্বিতীয় ঢেউ মোকাবেলাই সকলের মধ্যে সচেতনতা বৃদ্ধির লক্ষে জনসাধারণের মাঝে মাস্ক বিতরণ করেন। এছাড়াও বিকাল ৩.১৫ ঘটিকায় ভার্সুয়াল প্লাটফর্মে মহান বিজয় দিবস ২০২০ উদযাপন কমিটির সভাপতি এবং ছাত্রকল্যাণ দপ্তরের পরিচালক প্রফেসর ড. মোঃ রবিউল আওয়ালের সভাপতিত্বে মহান বিজয় দিবস ২০২০ উপলক্ষে আলোচনা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রুয়েটের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মোঃ রফিকুল ইসলাম সেখ। অন্যান্যদের মধ্যে আরোও উপস্থিত ছিলেন রুয়েটের রেজিস্ট্রার ( ভারপ্রাপ্ত) প্রফেসর ড. মোঃ সেলিম হোসেন, তড়িৎ ও কম্পিউটার কৌশল অনুষদের ডীন প্রফেসর ড. মোঃ জহুরুল ইসলাম সরকার, ফলিত বিজ্ঞান ও মানবিক অনুষদের ডীন প্রফেসর ড.মোঃ বেলাল হোসেন, রুয়েট শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর ড. মোঃ ফারুক হোসেন ও সাধারণ সম্পাদক প্রফেসর ড. মিয়া মোঃ জগলুল সাদত, যানবহন শাখার প্রশাসক মোঃ ওয়াহেদুল ইসলাম, কেন্দ্রীয় কম্পিউটার সেন্টারের প্রশাসক ড. মোঃ আলী হোসেন, উপ- পরিচালক ছাত্রকল্যাণ মামুনুর রশিদ ও আবু সাঈদ, কর্মকর্তা সমিতির সহ-সভাপতি মোঃ রোকনুজ্জামান, রুয়েট ছাত্রলীগের সভাপতি নাসিম রহমান নিবিড়, কর্মচারী সমিতি সভাপতি মহিদুল ইসলাম ও সাধারণ সম্পাদক মোঃ আব্দুল্লাহ আল মামুন শুভ সহ বিভাগীয় প্রধানবৃন্দ, হল প্রভোস্টবৃন্দ, শিক্ষক-কর্মকর্তা-শিক্ষার্থী ও কর্মচারীবৃন্দ প্রমুখ। বাদ যোহর রুয়েট কেন্দ্রীয় জামে মসজিদে মহান মুক্তিযুদ্ধে শহীদদের স্মরণে বিশেষ মোনাজাত অনুষ্ঠিত হয়। এছাড়াও দিবসটি উপলক্ষে ভার্সুয়াল প্লাটফর্মে শিক্ষার্থীদের অংশগ্রহণে কুইজ প্রতিযোগিতা, রচনা প্রতিযোগিতা, কেন্দ্রীয় খেলার মাঠে শিক্ষক-কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে প্রীতি ক্রিকেট ম্যাচ অনুষ্ঠিত হয়। দিবসটি উপলক্ষে বিশ্ববিদ্যালয়ের সুউচ্চ ভবনসমূহে আলোকসজ্জাকরণ করা হয়।

বার্তা প্রেরক-

M. Rahman

(আ.ফ.ম. মাহমুদুর রহমান)

জুনিয়র সেকশন অফিসার

জনসংযোগ দপ্তর

রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

মোবাইলঃ ০১৭৩৭-৩৫৭৪৩৬

Rajshahi University of Engineering & Technology (RUET) celebrates 49th Victory Day on 16<sup>th</sup> December, 2020. Professor Dr. Md. Rafiqul Islam Sheikh, Vice-Chancellor, RUET paid tributes to the martyrs of the Liberation War by placing wreaths at the RUET Shahid Minar with the rise of the sun.



On 49<sup>th</sup> Victory Day, Professor Dr. Md. Rafiqul Islam Sheikh, Vice-Chancellor, RUET distributes face mask among the peoples for the prevention of COVID-19 spreading.

